# 2014

## M. A.

## 2nd Semester Examination

## BENGALI

### PAPER—BNG-202

*Full Marks* : 40

*Time* : 2 Hours

*The figures in the right-hand margin indicate full marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

১। (ক) বাংলা ভাষায় অর্থ-নিয়ন্ত্রণে অবিভাজ্য ফোনিয়ের (Supra-Segmental Phoneme) ভূমিকা আলোচনা করো। ১০

*অথবা*

(খ) টীকা লেখো ঃ

অর্ধস্বর, অ্যালোফোন, তালুদন্তমূলীয় ধ্বনি, সংবৃত স্বরধ্বনি, পরিপূরক অবস্থান। ২×৫

২। (ক) রূপমূল (Morpheme) কাকে বলে ? রূপমূল কত প্রকার ? অনন্যসাধারণ রূপমূল (Unique Morpheme), সমধ্বনি রূপমূল (Homophones Morpheme) ও শূন্য রূপমূল (Zero Morphene) কাকে বলে আলোচনা করো। ১০

(Turn Over)

*অথবা*

(খ) (i) বিভক্তি যুক্ত হয়ে বাংলা শব্দরূপে বচন ও লিঙ্গের ক্ষেত্রে কী ধরণের বৈচিত্র্য সৃষ্টি হয় আলোচনা করো। ৫

(ii) টীকা লেখো ঃ

যৌগিক ক্রিয়া ও যৌগিক কালের পার্থক্য,

সিদ্ধ ধাতু-ও সাধিত ধাতু। ২$\frac{১}{২}$+২$\frac{১}{২}$

৩। (ক) ভূমিকা বা ক্রিয়া (function) অনুসারে বাংলা বাক্যের প্রকৃতি আলোচনা করো। ১০

*অথবা*

(খ) (i) বাক্যের অধোগঠন ও অধিগঠন সম্পর্কে আলোচনা করো। ৫

(ii) টীকা লেখো ঃ

পদগুচ্ছ সংগঠন ব্যাকরণ (Phrase Structure Grammer),

বিলোপন জাতীয় সংবর্তন। ২$\frac{১}{২}$+২$\frac{১}{২}$

৪। (ক) বয়স, লিঙ্গ, ধর্ম ও নৃগোষ্ঠী ভেদে সমাজ ভাষার যে পার্থক্য হয় তা আলোচনা করো। ১০

*অথবা*

(খ) টীকা লেখো ঃ

ক্রেওল, ভাষাসংযোগ (language contact), লিঙ্গুয়া ফ্রাঙ্কা, ভাষামৃত্যু। ২$\frac{১}{২}$×৪

---